

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৪৭২

১৩/ বিচার ও বিধান (کتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৭৭. মুসলিমগণ তিনটি বিষয়ে যৌথ অংশীদার

بَابِ الْمُسْلِمُونَ شُرَكَاءُ فِي ثَلَاثٍ

### আরবী

حَدَّ قَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ، حَدَّ قَنَا عَبْدُ اللَّهِ بْنُ خِرَاشِ بْنِ حَوْشَبِ الشَّيْبَانِيُّ، عَنِ الْعَوَّامِ بْنِ حَوْشَبٍ الشَّيْبَانِيُّ، عَنِ الْعَوَّامِ الْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْمُسْلِمُونَ شُرَكَاءُ فِي ثَلاَثٍ فِي الْمَاءِ وَالْكَلاِ وَالنَّارِ وَثَمَنُهُ حَرَامٌ ". قَالَ أَبُو سَعِيدٍ يَعْنِي الْمَاءَ الْمَاءَ الْجَارِيَ .

#### বাংলা

১/২৪৭২। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুসলিমগণ তিনটি বিষয়ে যৌথ অংশীদার-পানি, ঘাস ও আগুনে, এগুলোর মূল্য নেয়া হারাম। আবূ সাঈদ (রাঃ) বলেন, অর্থাৎ প্রবহমান পানি।

## **English**

It was narrated from Ibn 'Abbas that the Messenger of Allah (ﷺ) said: "The Muslims are partners in three things: water, pasture and fire, and their price is unlawful."

### ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। ইরওয়া ১৫৫২, মিশকাত ৩০০১, আত-তালীকুর রাগীব ২/২৫৫।

তাহকীক আলবানীঃ وَتَمَنُهُ حَرَامٌ (তার মূল্য নেয়া হারাম) কথাটি ব্যাতিত সহিহ। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন খিরাশ বিন হাওশাব আশ-শায়বানী সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তিনি আওওয়াম



ছাড়া অন্য কারো নিকট থেকে হাদিস বর্ণনা করেছেন এ মর্মে আমার জানা নেই। আমভাবে বলা যায় তার হাদিস রক্ষিত নয়। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। আহমাদ বিন শুআয়ব আন-নাসাঈ বলেন, তিনি সিকাহ নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩২৪৪, ১৪/৪৫৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন